TRIPURA OBSERVER 06-06-2018

# ICFAI cleans school, market

## Plants trees on Environment Day



**By Our Reporter**

**Agartala: Jun 05.** The faculty members and staff of ICFAI University Tripura observed World Environment Day with due importance by carrying out awareness rally, cleaning garbage of Kamalghat HS School and Market and planting saplings on the Campus.

Pursuant to the theme of this year's observance "Beat Plastic Pollution", the staff, faculty members and residents of Kamalghat took out a rally on Monday to make people aware about the bad effect of plastic pollution. The rally covered the distance from University Campus to Kamalghat market via Kamalghat HS School.

En-route Kamalghat market the rally stopped at Kamalghat HS School and the staff and faculty members actively engaged them in cleaning piled up solid and periphery drains. Senior faculty members also met students during the prayer meet and urged upon them keep school premises clean and avoid use of plastic.

The awareness rally then reached Kamalghat market and took a round of each lane with an urge to each of the traders to stop use of plastic. Awareness banners were displayed at different locations of market. The staff and faculty members also staged a street corner discussion and urged upon both traders and buyers to beat plastic pollution and keep houses and public places free from pollution.

Meanwhile, the staff and faculty member today carried out a special tree plantation programme in the University Campus. They first collectively pledged for pollution free-green environment and each of them planted a sapling on the Campus.

The Ranger of Sadar Social Forestry Mr. Sanjay Majumder came forward to make the programme a success by providing 300 saplings. As a part of the observance, Mr. S Prabhu, IFS, the Director of Skill Development Department, this afternoon visited University Campus and planted a sapling.

45 CM.

AJKER FARIAD 07-06-2018

## বিশ্ব পরিবেশ দিবস

# বৃক্ষরোপণ, বাজার সাফাই ইকফাই'র

**আগরতলা, ৬ জুনঃ** প্রাত্যহিক জীবনের প্রতিটি মুহূর্তে পরিবেশ নির্মল ও সবুজ রাখা এবং প্লাস্টিক বর্জন করার সংঘবদ্ধ শপথ নিলো ইকফাই বিশ্ববিদ্যালয়ের সমস্ত স্তরের শিক্ষক-অশিক্ষক কর্মচারীবৃন্দ এবং কমালঘাটের বাসিন্দাগণ। বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপনের অঙ্গ হিসাবে বিশ্ববিদ্যালয়ের কর্মচারীবৃন্দ এবং কামালঘাট এলাকার নাগরিকবৃন্দ সোমবার সকালে একটি আবেদনমূলক মিছিল বের করেন। বাংলা ও ককবরকে পরিবেশ নির্মল ও সবুজ রাখুন এবং প্লাস্টিক বর্জন করুন বার্তাবাহক ব্যানার লাগিয়ে মিছিলটি কামালঘাট দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে যায়। সেখানে গিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-অশিক্ষক কর্মচারীরা কোদাল, ঝাড়ু ও টুকরি হাতে নিয়ে সাফাই অভিযান শুরু করেন। প্রায় এক ঘণ্টার অভিযীনে বিদ্যালয় চত্বর, সেখানকার স্তূপীকৃত আবর্জনা, সংলগ্ন নর্দমা এবং আশপাশের এলাকা পরিষ্কার করা হয়। পাশাপাশি বিদ্যালয়ের প্রার্থনা সভায় উপস্থিত পড়ুয়াদের উদ্দেশ্যে পরিবেশ স্বচ্ছ ও সবুজ রাখার আহ্বান জানানো হয়। বিদ্যালয়ের অভিযান শেষে মিছিলটি কামালঘাট বাজারে যায়। সেখানে বাজার কমিটির সহযোগিতায় বাজারে আবর্জনা পরিষ্কার করা হয় এবং প্লাস্টিক বর্জন করার জন্য ব্যবসায়ীদের প্রতি অনুরোধ জানানো হয়। পরে কামালঘাট বাজারে আয়োজিত এক সচেতনতামূলক পথসভায় প্লাস্টিক বর্জন করার জন্য ক্রেতা-বিক্রেতাদের প্রতি আহ্বান রাখা হয়। মঙ্গলবার বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসে বিশেষ বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়। পরিবেশ নির্মল ও দূষণমুক্ত রাখার আনুষ্ঠানিক শপথ নিয়ে শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের প্রত্যেকে একটি বৃক্ষরোপণ করেন। বিভিন্ন ধরনের কয়েকশো চারা বিনামূল্যে সরবরাহ করে এই মহতী কাজে সাহায্যের হাত প্রসারিত করেছেন সদর সামাজিক বনায়ন প্রকল্পের রেঞ্জার সঞ্জয় মজুমদার। এদিকে মঙ্গলবার বিকালে পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিদর্শন করেন রাজ্য সরকারের দক্ষতা উন্নয়ন দফতরের অধিকর্তা তথা আইএফএস অফিসার এস প্রভু। পরিদর্শনকালে তিনি ক্যাম্পাসে একটি বৃক্ষরোপণ করেন।

24 CM.

Scanned by CamScanner

BITIRNA TRIPURA 07-06-2018

## বিশ্ব পরিবেশ দিবস

# বৃক্ষরোপণ, বাজার সাফাই ইকফাই'র



আগরতলা, ৬ জুন।। প্রাত্যহিক জীবনের প্রতিটি মুহূর্তে পরিবেশ নির্মল ও সবুজ রাখা এবং প্লাস্টিক বর্জন করার সংঘবদ্ধ শপথ নিল ইকফাই বিশ্ববিদ্যালয়ের সমস্ত স্তরের শিক্ষক- অশিক্ষক কর্মচারীবৃন্দ এবং কামালঘাটের বাসিন্দাগণ। বিশ্ব পরিবেশ দিবস উদ্যাপনের অঙ্গ হিসাবে বিশ্ববিদ্যালয়ের কর্মচারীবৃন্দ এবং কামালঘাট এলাকার নাগরিকবৃন্দ সোমবার সকালে একটি আবেদনমূলক মিছিল বের করেন। বাংলা ও ককবরকে 'পরিবেশ নির্মল ও সবুজ রাখুন' একটি আবেদনমূলক মিছিল বের করেন। বাংলা ও ককবরকে 'পরিবেশ নির্মল ও সবুজ রাখু' এবং প্লাস্টিক বর্জন করুন' বার্তাবহক ব্যানার লাগিয়ে মিছিলটি কামালঘাট দ্বাদশ শ্রেণী বিদ্যালয় যায়।

সেখানে গিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক- অশিক্ষক কর্মচারীরা কোদাল, ঝাড়ু ও টুকরী হাতে নিয়ে সাফাই অভিযান শুরু করেন। প্রায় এক ঘন্টার অভিযানে বিদ্যালয় চত্বর, সেখানকার স্তুপীকৃত আবর্জ্জনা, সংলগ্ন নর্দমা এবং আশপাশের এলাকা পরিষ্কার করা হয়। পাশাপাশি বিদ্যালয়ের প্রার্থনাসভায় উপস্থিত পড়ুয়াদের উদ্দেশ্যে পরিবেশ স্বচ্ছ ও সবুজ রাখার আহ্বান জানানো হয়।

বিদ্যালয়ের অভিযান শেষে মিছিলটি কামালঘাট বাজারে যায়। সেখানে বাজার কমিটির সহযোগিতায় বাজারের আবর্জ্জনা পরিষ্কার করা হয় এবং প্লাষ্টিক বর্জন করার জন্য ব্যবসায়ীদের প্রতি অনুরোধ জানানো হয়। পরে কামালঘাট বাজারে আয়োজিত এক সচেতনতামূলক পথসভায় প্লাষ্টিক বর্জন করার জন্য ক্রেতা-বিক্রেতাদের প্রতি আহ্বান রাখা হয়। মঙ্গলবার বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশেষ বৃক্ষরোপণ কর্মসূচী পালিত হয়। পরিবেশ নির্মল ও দূষণমুক্ত রাখার আনুষ্ঠানিক শপথ নিয়ে শিক্ষক- অশিক্ষক কর্মচারীদের প্রত্যেকে একটি বৃক্ষরোপন করেন। বিভিন্ন ধরণের কয়েকশ চারা বিনামূল্যে সরবরাহ করে এই মহতী কাজে সাহায্যের হাত প্রসারিত করেছেন সদর সামাজিক বনায়ণ প্রকল্পের রেঞ্জার সঞ্জয় মজুমদার। এদিকে, আজ বিকালে পূর্ব নির্ধারিত সূচী অনুযায়ী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিদর্শন করেন রাজ্য সরকারের দক্ষতা উন্নয়ন দপ্তরের অধিকর্তা তথা আইএফএস অফিসার এস প্রভু। পরিদর্শনকালে তিনি ক্যাম্পাসে একটি বৃক্ষরোপণ করেন।

রাষ্ট্র সংঘ দ্বারা ঘোষিত এই দিনটি পরিবেশের প্রতি পৃথিবীর সমস্ত অংশের মানুষের সামাজিক জাগ্রতির জন্য মানানু হয়। যার শুরুবাত ১৯৭২ সালের ৫ই জুন থেকে ১৬ই জুন অব্দি চলিত সংযুক্ত রাষ্ট্র সংঘের বিশ্ব পরিবেশ সম্মেলন থেকে শুরু হয়। ত্রিপুরা একমাত্র যুব গান্ধিবাদী সামাজিক সংগঠন যুব বিকাশ কেন্দ্রের দ্বারা প্রতি বছর রাজ্যের বিভিন্ন প্রান্তে বিভিন্ন সামাজিক সচেতনতার মধ্যে দিয়ে দিনটি পালন করা হয়ে থাকে। এবছরও মান্দাই এডিসি ভিলেজের নিউ মান্দাই গালস হাই স্কুল থেকে সচেতনতা কর্মশালা এবং বৃক্ষ রোপন অনুষ্ঠানের মধ্যে দিয়ে যুব বিকাশ কেন্দ্র, ন্যাশনাল ইন্টিগ্রেটেড ফোরাম অফ আর্টিস এণ্ড অক্টিবিটস্ (নিফা) এবং ন্যাশনাল ইয়ুথ প্রোজেক্ট রাজ্য শাখার যৌথ ব্যবস্থাপনা এবং ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্যদের সহযোগিতায় দিনটি পালিত হয়েছে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রী দুলাল দাস, নিফা রাজ্য শাখার পেট্রন শ্রী গৌতম দাস, যুব বিকাশ কেন্দ্রের প্রতিষ্ঠাতা এবং নিফা রাজ্য শাখার সভাপতি দেবাশীষ মজুমদার, সহ-সভাপতি শ্রীমতি সুপ্রীতি সরকার, যুব বিকাশ কেন্দ্রের সচিব শ্রীমতি প্রতিমা দেববর্মা।

অনুষ্ঠানের সকল ছাত্রছাত্রীদের পরিবেশ রক্ষার প্রতি প্রেরনা দেওয়া হয়। বিদ্যালয়ে এই ধরনের অনুষ্ঠান আয়োজিত করার জন্য বিদ্যালয়ে প্রধান শিক্ষক সংগঠনকে ধন্যবাদ জানিয়েছেন। উনি আরো বলেছেন, আগামী দিন ছাত্রীদের মধ্যে নিশ্চয় পরিবেশের প্রতি মানসিক পরিবর্তন আসবে। অনুষ্ঠান শেষে সকলে মিলে বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষরোপন করা হয়। অনুষ্ঠানের পরিচালনা করেন সংগঠনের ইয়ুথ কডিনেটর শ্রী দেবাশীষ দেববর্মা, সংগঠনের তরফে উপস্থিত ছিলেন জেনারেল সেক্রেটারি শ্রী রাকেশ দেববর্মা, শ্রী লিসন মারাক, শ্রী বিরুজু দেববর্মা, শ্রী অভিষেক দেববর্মা, সহ বিদ্যালয়ের সমস্ত শিক্ষক / শিক্ষিকা এবং ছাত্রছাত্রীবৃন্দ। 88 cm.

Scanned by CamScanner